গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
আইসিটি সেল

বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) কর্তৃক প্রেরিত নিরাপত্তা ছাড়পত্র সংক্রান্ত আবেদনসমূহ নিষ্পত্তিকরণ সভার কার্যবিবরণী।

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ সাইফুল ইসলাম<br>অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব) |
| সভার তারিখ | ২ আগস্ট ২০২৩ |
| সভার সময় | বেলা ১১:০০ টা |
| স্থান | সভাপতি মহোদয়ের অফিস কক্ষ |
| উপস্থিতি | সংযুক্ত |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি আলোচ্যসূচি মোতাবেক বিষয়সমূহ উপস্থাপনের জন্য সুরক্ষা সেবা বিভাগের নিরাপত্তা-২ শাখার উপসচিব কে অনুরোধ জানান। আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

**আলোচ্য বিষয়: বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) কর্তৃক প্রেরিত নিরাপত্তা ছাড়পত্র সংক্রান্ত আবেদনসমূহ নিষ্পত্তিকরণ।**

**আলোচনা:** সভায় সুরক্ষা সেবা বিভাগের সিস্টেম এনালিস্ট অবহিত করেন, বিদেশী কর্মীদের প্রয়োজনীয় নিরাপত্তা ছাড়পত্রের আবেদনসমূহ বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) Application Program Interface (API) এর মাধ্যমে সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক পরিচালিত 'অনলাইন সিকিউরিটি ক্লিয়ারেন্স' সিস্টেম সফটওয়্যারে প্রেরণ করে। পরবর্তীতে গৃহীত আবেদনসমূহ নিরাপত্তা-২ শাখা কর্তৃক প্রয়োজনীয় তদন্ত প্রতিবেদন সংগ্রহের নিমিত্ত পুলিশ অধিদপ্তরের বিশেষ শাখা (এস.বি) এবং জাতীয় নিরাপত্তা গোয়েন্দা (এনএসআই) অফিসে বর্ণিত সফটওয়্যারের মাধ্যমে প্রেরণ করা হয়। এসবি এবং এনএসআই অফিস বর্ণিত সফটওয়্যারের মাধ্যমে তদন্ত প্রতিবেদন এ বিভাগের নিরাপত্তা-২ শাখায় প্রেরণ করে। পরবর্তীতে এ বিভাগের নিরাপত্তা-২ শাখা হতে তদন্ত প্রতিবেদন ও অন্যান্য ডকুমেন্ট বর্ণিত সফটওয়্যার হতে ডাউনলোডপূর্বক ই-নথিতে প্রয়োজনীয় প্রশাসনিক অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। প্রশাসনিক অনুমতি প্রাপ্তির পর বিদেশী কর্মীদের নিরাপত্তা ছাড়পত্র বিডা অফিস, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরসহ অন্যান্য সংশ্লিষ্ট অফিসে নিরাপত্তা-২ শাখা কর্তৃক প্রেরণ করা হয়। বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) অফিস হতে সভায় উপস্থিত প্রতিনিধি সভায় অবহিত করেন, দাপ্তরিক কাজের সুবিধার্থে ই-নথিরে পরবর্তী 'অনলাইন সিকিউরিটি সিস্টেম' এর মাধ্যমে নিরাপত্তা ছাড়পত্র বিডা অফিসে প্রেরণ করা প্রয়োজন। ই-নথির মাধ্যমে একাধিক বিদেশী কর্মীদের ছাড়পত্র নিরাপত্তা-২ শাখা হতে একটি পত্রের মাধ্যমে প্রেরণ করা হয় বিধায় যে কোন একজন বিদেশী কর্মীর আবেদনপত্রের অবস্থা সঠিকভাবে ট্র্যাক করা সম্ভব হয় না। কিন্তু সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক পরিচালিত 'অনলাইন সিকিউরিটি ক্লিয়ারেন্স' এর মাধ্যমে এসবি/এনএসআই হতে প্রতিবেদন প্রাপ্তির পর প্রত্যেক বিদেশী কর্মীদের নিরাপত্তা ছাড়পত্র প্রদান করা হলে, প্রত্যেক বিদেশী কর্মীর আবেদন আলাদা আলাদাভাবে ট্র্যাক করা সম্ভব হবে, যা বিডা কর্তৃক পরিচালিত One Stop Service (OSS) এর সাথে সামঞ্জস্যপূর্ণ। এসবি এবং এনএসআই অফিস হতে উপস্থিত প্রতিনিধিবৃন্দ সভায় অবহিত করেন,

বিদ্যমান সফটওয়্যারে শুধুমাত্র প্রধান কার্যলয় এবং সুরক্ষা সেবা বিভাগের মধ্যে তথ্য আদান-প্রদান করা সম্ভব হচ্ছে। কিন্তু মাঠ পর্যায়/জেলা/উপজেলা পর্যায় হতে বর্ণিত প্রয়োজনীয় প্রতিবেদন ম্যানুয়াল পদ্ধতিতে সংগ্রহপূর্বক প্রধান কার্যালয় হতে বর্ণিত সফটওয়্যারের মাধ্যমে প্রেরণ করা হচ্ছে। এসবি এবং এনএসআই অফিসের জন্য বর্ণিত সফটওয়্যারে মাঠ পর্যায়/জেলা/উপজেলা পর্যন্ত ব্যবহারের সুযোগ করা প্রয়োজন, এতে করে নিরাপত্তা ছাড়পত্র প্রদান কার্যক্রম আরোও গতিশীল হবে। সভাপতি মহোদয় নিরাপত্তা ছাড়পত্র প্রদান সংক্রান্ত সকল কার্যক্রম 'অনলাইন সিকিউরিটি ক্লিয়ারেন্স সফটওয়্যার' এর মাধ্যমে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে আহবান জানান।

**সিদ্ধান্ত:**

(১) নিরাপত্তা ছাড়পত্র সংক্রান্ত সকল কার্যক্রম 'অনলাইন সিকিউরিটি ক্লিয়ারেন্স' সফটওয়্যারের মাধ্যমে সম্পন্ন করতে হবে;

(২) নিরাপত্তা ছাড়পত্র প্রাপ্তি পর বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর ই-ভিসা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

(৩) এসবি এবং এনএসআই এর মাঠ পর্যায়ে বর্ণিত সফটওয়্যারটি ব্যবহার করার জন্য প্রয়োজনীয় API প্রস্তুতির কারিগরি ও আর্থিক প্রস্তাবনা বিজনেস অটোমেশন সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করবে;

(৪) বেজা, বেপজা, এনজিও বিষয়ক ব্যুরো ও BHTPA এর জন্য API প্রস্তুতের জন্য কারিগরি ও আর্থিক প্রস্তাবনা বিজনেস অটোমেশন আলাদাভাবে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করবে। প্রস্তাবনা প্রাপ্তির পর প্রশাসন-২ শাখা কর্তৃক প্রশাসনিক ও আর্থিক অনুমোদন গ্রহণ করা;

(৫) আবেদনকারী আবেদনের অবস্থান শুধুমাত্র অফিসের নাম হিসাবে দেখতে পারবে।

**আলোচ্য বিষয়: বিবিধ।**

**আলোচনা:** সভাপতি সভায় 'অনলাইন সিকিউরিটি ক্লিয়ারেন্স' সফটওয়্যারে নিরাপত্তা ছাড়পত্র সংক্রান্ত প্রশাসনিক অনুমোদনের অংশের কার্যক্রম ই-নথি সিস্টেমে নোট নিষ্পন্ন আকারে দেখানো যায় কিনা তা যাচাই-বাছাই করার জন্য সংশ্লিষ্ট অফিসের সকল আইসিটি কর্মকর্তাদের আহবান জানান।

**সিদ্ধান্ত:**

নিরাপত্তা ছাড়পত্র সংক্রান্ত কার্যক্রম ই-নথি সিস্টেমে নোট নিষ্পন্ন আকারে দেখানোর বিষয়টি যাচাই বাছাই করার জন্য এটুআই, বিজনেস অটোমেশন, এবং সুরক্ষা সেবা বিভাগের আইসিটি সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ দ্রুততম সময়ের একটি কারিগরি সভা আহবান করবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ সাইফুল ইসলাম
অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব)

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৮.৩১.০২৮.১৮.১৭৪

তারিখ: ১ ভাদ্র ১৪৩০
১৬ আগস্ট ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ
২) মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর
৩) মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা, সেগুনবাগিচা, ঢাকা
৪) অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, স্পেশাল ব্রাঞ্চ, পুলিশ অধিদপ্তর
৫) যুগ্মসচিব, নিরাপত্তা অধিশাখা, সুরক্ষা সেবা বিভাগ
৬) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ
৭) সচিবের একান্ত সচিব, সচিব-এর দপ্তর, সুরক্ষা সেবা বিভাগ
৮) সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ
৯) সহঃ প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ



শরীফা আহমেদ
উপসচিব